গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ।
fisheries.muksudpur.gopalganj.gov.bd

পত্র নং- ৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২১.১২৮

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৩ খ্রি.

**রুই জাতীয় ও দেশীয় মাছের পোনা ক্রয়ের নিমিত্ত কোটেশন আহবানের অনুরোধ জ্ঞাপন পত্র**

প্রতি,
মেসার্স -----------------------------------
------------------------------------------
------------------------------------------ ।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ এর দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় নির্বাচিত জলাশয়ে রুই জাতীয় ও দেশীয় মাছের পোনা সরবরাহের নিমিত্ত এতদসংঙ্গে সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রকৃত পোনা মাছ উৎপাদনকারী / মৎস্যচাষী সমিতি/ মৎস্য ব্যবসায়ী/ সরবরাহকারীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

১. উল্লেখিত কোটেশন ডকুমেন্ট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে দেখা ও সংগ্রহ করা যাবে।
২. সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে বা তার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক প্রস্তুতকৃত কোটেশন খামের মধ্যে সিলগালা করা অবস্থায় আগামী ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে 'সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, মুকসুদপুর গোপালগঞ্জ-এ জমা দিতে হবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন কোটেশন গ্রহণ করা হবে না।
৩. প্রাপ্ত কোটেশনসমূহ কোটেশন গ্রহণের শেষ তারিখ নির্দিষ্ট সময়ের পর খোলা হবে।
৪. কোটেশন উদ্ধৃত দরহারে পণ্যের মূল্য, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহণ ব্যয়, মুনাফা, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।
৫. কোটেশন দাতাকে চুক্তিসম্পাদনের যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন নম্বর, ব্যাংক সলভেন্সি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
৬. সরবরাহকৃত পোনা সুস্থ, সবল, জীবিত হতে হবে।
৭. কোটেশন দাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্বাচিত জলাশয়ে বরাদ্দের ৮০% টাকার উপযুক্ত সাইজের (১০-১৩ সে.মি) নির্দিষ্ট প্রজাতির (রুই ৪০%, কাতলা ২০%, মৃগেল, কালিবাউস ও ঘনিয়া ৪০%) মাছের পোনা এবং বরাদ্দের ২০% টাকার শিং মাছের পোনা (প্রতি কেজিতে সর্বোচ্চ ২০০ টি) পৌছে দিতে হবে।
৮. সরবরাহের জন্য আনীত পোনা অবশ্যই উপযুক্ত আকার/সাইজের অক্ষত, জীবিত ও সঠিক প্রজাতির হতে হবে এবং স্বচ্ছ ও পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে।
৯. প্রতি কনসাইমেন্টে (চালান) আনীত পোনা হতে নমুনা হিসাবে গ্রহণ করে প্রজাতি, আকার, স্বাস্থ্য, জীবিতের হার ইত্যাদি শর্ত যাচাই বাছাই পূর্বক গ্রহণযোগ্যতা নির্ধারণ করা হবে।
১০. কার্যাদেশে বর্ণিত সিডিউল অনুযায়ী পোনা সরবরাহ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন পোনা গ্রহণ করা হবে না।
১১. কোটেশন দাতা কর্তৃক চুক্তিবদ্ধ পোনার পরিমানের চেয়ে ৫০% এর কম পোনা সরবরাহ করলে সরবরাহকৃত পোনার মূল্য প্রদান করা হবে না। চুক্তিবদ্ধ পরিমানের ৫০% এর অধিক এবং সর্বোচ্চ ১০০ ভাগ পোনা সরবরাহ করা হলে সরবরাহকৃত পোনার মূল্য পরিশোধ করা হবে। এ ব্যাপারে সরবরাহকারীর কোন জোর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১২. নির্বাচিত কোটেশন দাতাকে ক্রয় আদেশ প্রদানের তারিখ হতে নূন্যতম সময়ে পোনা সরবরাহ সম্পাদন করতে হবে এবং বিল পরিশোধের নিমিত্ত দুই প্রস্থ বিল দাখিল করতে হবে। সরবরাহকারী কর্তৃক প্রদত্ত বিল থেকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে। পোনা মাছ অবমুক্তি খাতে মূল্য পরিশোধের পূর্বে প্রকল্প পরিচালকের নিকট হতে লিখিত আর্থিক মঞ্জুরী গ্রহণ করতে হবে।
১৩. সরবরাহকৃত পোনার অনুপাত সঠিক ও গুনগত মান অবশ্যই ভাল হতে হবে।
১৪. সরবরাহকৃত পোনার ওজন ডিজিটাল মাপন যন্ত্রে সঠিক ভাবে ওজন করে দিতে হবে।
১৫. পণ্যের ন্যূনতম ওয়ারেন্টি সময় ১২ ঘন্টা হতে হবে।

০৮/০৮/২৩

১৬. মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত কোটেশন দাতাকে নির্দিষ্ট সময়ে নির্ধারিত আকার ও প্রজাতির পোনা মাছ সরবরাহের অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে। ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখে অফিস চলাকালীন সময়ে অঙ্গীকারনামা সম্পাদন করতে ব্যর্থ হলে তার দাখিলকৃত কোটেশন বাতিল বলে গণ্য হবে।

১৭. কোটেশনে উদ্ধৃত দর টাকায় এবং এর আওতায় যে কোন ক্রয় আদেশের অধীন সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে।

১৮. একজন কোটেশন দাতা কেবল মাত্র একটি কোটেশন দাখিল করতে পারবেন এবং কোটেশনে কোটেশন দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে। এছাড়া কোটেশন দাতাকে কোটেশন দলিলের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১৯. রুই, কাতলা, মৃগেল, শিং মাছের পোনা পৃথক পৃথকভাবে সরবরাহ করতে হবে এবং পোনা মজুদযোগ্য জলাশয়ে পোনা পৌছানোর পর পৃথক পৃথক হাপায় অন্ততঃ ১(এক) ঘন্টা Conditioning করতে হবে।

২০.কোটেশনে অংশগ্রহণের পূর্বে কোটেশনের শর্তাবলীসহ সংশ্লিষ্ট কাগজ পত্রের প্রতি পৃষ্ঠা ভালভাবে পড়ে বুঝে তবেই কোটেশনে অংশগ্রহণ করতে হবে।

২১. পোনামাছ ক্রয় কমিটির প্রত্যয়ন প্রাপ্তির সাপেক্ষে বিল প্রদান করা হবে।

২২. কর্তৃপক্ষ বাজার দরের সাথে অসংগতিপূর্ণ কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০৮/২৩

(মোঃ খায়রুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মুকসুদপুর, গোপালগঞ্জ।
ফোনঃ ০২৪৭৮৮২২৭৬২
ইমেইলঃsufomuksudpur@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২১.১২৮/১(১০) তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।

২। জেলা মৎস্য কর্মকর্তা , গোপালগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৫। উপজেলা ......................................... অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৬। সংশ্লিষ্ট নথি।

০৮/০৮/২৩

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মুকসুদপুর, গোপালগঞ্জ।